**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/29/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো নিউইয়র্কবাসীদেরকে "আই লাভ মাই পার্ক (I LOVE MY PARK)" দিবসের অষ্টম বার্ষিকীতে নিবন্ধনের জন্য অনুপ্রাণিত করেন

*স্বেচ্ছাসেবক অনুষ্ঠানসমূহ নিউইয়র্কের 130 টিরও বেশি স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান ও জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলোতে অনুষ্ঠিত হচ্ছে*

*অনলাইন নিবন্ধন এখন উন্মুক্ত এবং এখানে সম্পন্ন করা যাবে*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে 4 মে, 2019 তারিখে নিউইয়র্কের স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান ও জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলোতে অনুষ্ঠিত হতে যাওয়া অষ্টম বার্ষিক আই লাভ মাই পার্ক দিবসের জন্য নিবন্ধন এখনো উন্মুক্ত রয়েছে। নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন (New York State Office of Parks, Recreation and Historic Preservation) এবং পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্ক (Parks & Trails New York) এর সৌজন্যে অনুষ্ঠিত এই অনুষ্ঠানটি পার্ক, ঐতিহাসিক স্থান এবং জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলোকে আরো সমৃদ্ধ করা এবং রাজ্যের বহির্বিনোদনের উপকরণ ও এর প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা ও দৃশ্যমানতা তৈরির উদ্দেশ্য নিয়ে রাজ্যজুড়ে আয়োজিত হয়।

"আই লাভ মাই পার্ক দিবস আমাদের পার্ক ও ঐতিহাসিক স্থানগুলোতে ফিরে যাওয়ার একটি বিশাল সুযোগ যেন অন্যরা আমাদের রাজ্যের অসাধারণ প্রাকৃতিক সম্পদগুলো উপভোগ করে যেতে পারে", **গভর্নর কুওমো বলেন।** "আমি আমাদের অতুলনীয় পার্ক সিস্টেমকে পরবর্তী প্রজন্মের জন্য সংরক্ষণ করতে সাহায্য করার উদ্দেশ্যে নিউ ইয়র্কবাসীদের তাদের এলাকার কোনো অংশগ্রহণকারী পার্ক বা ঐতিহাসিক স্থানে গিয়ে নিবন্ধন করার জন্য এবং স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করার জন্য উৎসাহিত করছি।"

"শিশু এবং পরিবারগুলোর একত্রিত হওয়া, শিক্ষালাভ ও আনন্দ করার স্থান হিসেবে পার্কগুলো নিউ ইয়র্ক স্টেটজুড়ে আমাদের কমিউনিটিগুলোর রত্নস্বরূপ", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্কে রয়েছে বিশ্বের কিছু সুন্দরতম পার্ক ও প্রতীকী ঐতিহাসিক স্থান। আমি অষ্টম বার্ষিক আই লাভ মাই পার্ক দিবসের অংশ হিসেবে পরিষ্কার করা এবং বহুল প্রতিক্ষিত গ্রীষ্মকালের প্রস্তুতি নেয়ার কাজে সাহায্য করার উদ্দেশ্যে নিউ ইয়র্কাবাসীদের নিবন্ধন এবং স্বেচ্ছাসেবক হিসেবে যোগদান করতে উৎসাহিত করছি।"

স্বেচ্ছাসেবকগণ লং আইল্যান্ড থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং এর মধ্যবর্তী 130 টিরও বেশি স্টেট পার্ক, ঐতিহাসিক স্থান ও জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলো এবং সেই সাথে ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC), ন্যাশনাল পার্ক সার্ভিস (National Park Service) কর্তৃক পরিচালিত স্থানসমূহ এবং মিউনিসিপ্যাল পার্কগুলোতে পরিচ্ছন্নতা কার্যক্রমে অংশ নেয়ার সুযোগ পাবেন। আই লাভ মাই পার্ক দিবসের জন্য নিবন্ধন এই ঠিকানায় ভিজিট করে সম্পন্ন করা যাবে https://protect2.fireeye.com/url?k=fd360434-a1103c0a-fd34fd01-000babda0031-fd691a2a2fd67d84&u=https://www.ptny.org/events/i-love-my-park-day।

স্বেচ্ছাসেবকগণ নিউ ইয়র্কের জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলোর আবর্জনা পরিষ্কার, বৃক্ষরোপণ এবং বাগান করা, ট্রেইল এবং বন্যপ্রাণীর আবাসস্থল সংস্কার, ক্ষতিকর প্রজাতি অপসারণ এবং বিভিন্ন সাইট উন্নয়নমূলক প্রকল্পে কাজ করার মাধ্যমে উদযাপন করবেন। স্টুডেন্ট কনজারভেশন অ্যাসোসিয়েশন (Student Conservation Association) কর্তৃক পরিচালিত নিউ ইয়র্ক স্টেট এক্সেলশায়র কনজারভেশন কপস (New York State Excelsior Conservation Corps) নামক একটি নিউ ইয়র্ক স্টেট আমেরিকপস (New York State AmeriCorps) প্রকল্প স্টেট পার্কগুলোকে আই লাভ মাই পার্ক প্রকল্পগুলো সংগঠন ও বাস্তবায়ন করতে সাহায্য করবে।

**ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন,** "এ বছর আমরা আই লাভ মাই পার্ক দিবস উদযাপন এবং হাজারো স্বেচ্ছাসেবকদের স্বাগত জানানোর অপেক্ষায় আছি যারা আমাদের স্টেট পার্ক সিস্টেমকে জাতির শ্রেষ্ঠতম হিসেবে প্রতিষ্ঠিত করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। আমি আমাদের অংশীদার পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্ককে এই অনুষ্ঠানের আয়োজন করার জন্য এবং অবদান রাখার সুযোগ সৃষ্টি এবং দায়িত্বপালনে উৎসাহিত করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

**নিউ ইয়র্ক রাজ্যের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বেসিল সেগোস বলেন,** "আগের যেকোনো সময়ের চেয়ে বেশি মানুষ নিউ ইয়র্ক স্টেটের সৌন্দর্য্যময় ও অনন্য আউটডোর রিসোর্স উপভোগ করছেন। আই লাভ মাই পার্ক দিবস এই সব ভ্রমণকারীদের জন্য অবদান রাখার এবং আমাদের অমূল্য প্রাকৃতিক সম্পদ রক্ষা করার সুযোগ করে দেয় যেন অন্যরাও আমাদের দর্শনীয় প্রাকৃতিক ভূদৃশ্য, শ্যামল বনভূমি এবং মাছ ও বন্যপ্রাণীর সৌন্দর্য্য উপভোগ করতে পারেন।"

**পার্কস এন্ড ট্রেইলস নিউ ইয়র্ক এর এক্সিকিউটিভ ডিরেক্টর রবিন ড্রপকিন বলেন,** "নিউ ইয়র্ক স্টেট পার্ক সিস্টেমের রেনেসাঁ বার্ষিক আই লাভ মাই পার্ক দিবসের জন্য বন্ধু এবং স্বেচ্ছাসেবকদের ভালোবাসা ও সহায়তার নিদর্শন দেখিয়ে আনন্দানুভূতি জাগায়। আই লাভ মাই পার্ক দিবসের আওতায় কেবল স্টেট পার্ক এবং ঐতিহাসিক স্থানগুলোই আছে এমন নয়, বরং জনসাধারণের জন্য উন্মুক্ত স্থানগুলো এবং নিউ ইয়র্ক স্টেট DEC কর্তৃক পরিচালিত ক্যাম্পগ্রাউন্ডগুলো এবং জাতীয় পার্ক সাইটগুলোও রয়েছে। তাই রাজ্যের প্রতিটি অংশের অমূল্য বহিরাঙ্গনে অবদান রাখার আরো বেশি সুযোগ রয়েছে।"

**সেনেটর জোসে সেরানো, সাংস্কৃতিক, পর্যটন, পার্ক এবং বিনোদন বিষয়ক কমিটির (Committee on Cultural Affairs, Tourism, Parks and Recreation) সভাপতি বলেন,** "2018 সালে রেকর্ড

সংখ্যক 74 মিলিয়ন ভ্রমণকারী এটাই প্রমাণ করে যে তারা তাদের স্টেট পার্ক এবং সেগুলোর অসংখ্য বিনোদনের সুবিধাগুলোকে কতটা পছন্দ করেন। আই লাভ মাই পার্ক দিবস আমাদের প্রিয় পার্ক, ঐতিহাসিক স্থান এবং ক্যাম্পগ্রাউন্ডগুলোর সৌন্দর্য্য বর্ধন ও সংরক্ষণের এক দারুণ সুযোগ। আমি সকল নিউ ইয়র্কবাসী এবং তাদের পরিবারবর্গকে পরবর্তী প্রজন্মের জন্য আমাদের প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে অবদান রাখায় এগিয়ে আসার আহবান জানাই।"

**সংসদ সদস্য ড্যানি ও'ডোনেল, আর্টস অ্যান্ড ট্যুরিজম কমিটির (Arts and Tourism Committee) সভাপতি বলেন,** "আমি নিউ ইয়র্কবাসী যারা তাদের পার্কগুলোকে ব্যবহার করেন এবং ভালোবাসেন তাদেরকে এ বছর আই লাভ মাই পার্ক দিবসে অংশগ্রহণ করতে উৎসাহিত করছি। নিউ ইয়র্কজুড়ে বিভিন্ন প্রকল্প ও অনুষ্ঠানের মাধ্যমে অংশগ্রহণের অনেক উপায় রয়েছে।"

আই লাভ মাই পার্ক দিবস গভর্নর কুওমো এর স্টেট পার্ক সিস্টেমকে রূপান্তর এবং নবজীবন দান করার প্রচেষ্টায় পূর্ণতা এনে দেয়। গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 প্রোগ্রাম (NY Parks 2020 program) হল 2011 থেকে 2020 সাল পর্যন্ত স্টেটের পার্কগুলির জন্য 900 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সরকারি বেসরকারি তহবিল সংগ্রহের প্রতিশ্রুতি। 2019 সালের নির্বাহী বাজেট এই উদ্যোগের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলারের বরাদ্দ দিয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব পার্কস, রিক্রিয়েশন এন্ড হিস্টরিক প্রিজারভেশন 250 টিরও বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, রিক্রিয়েশন ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ এবং আরো অনেক কিছুর দেখভালের দায়িত্বে রয়েছে যা ভ্রমণের জন্য বছরে 74 মিলিয়ন মানুষের আনাগোনা ঘটে। এক সাম্প্রতিক গবেষণায় জানা গেছে নিউ ইয়র্ক স্টেট পার্কগুলো পার্ক এবং ভ্রমণকারীদের থেকে 5 বিলিয়ন মার্কিন ডলার আয় করে যা প্রায় 54,000 কর্মসংস্থানের ব্যবস্থা করে। এই বিনোদন এলাকাগুলোর যেকোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram এবং Twitter এ।

###


অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন